রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ১২, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**সেনাবাহিনী নির্দেশিকা**

তারিখঃ ০১ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ/১৬ সেপ্টেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

**নং ২৩.০০.০০০০.০৫০.২৫.১৪৬.০৯.১০৪**—সেনাবাহিনী নির্দেশিকা ০১/২০১৫, Army Act, 1952 (Act No. XXXIX of 1952) এর Section 176A-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার আর্মি নির্দেশাবলী ১/২০০৮-এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

**অংশ-২**

**নির্বাচন প্রক্রিয়া**

৫। গ। **নির্বাচন কমিটি কর্তৃক সাক্ষাৎকার গ্রহণ:**

| বিদ্যমান নির্দেশাবলী | প্রস্তাবিত নির্দেশাবলী |
|---|---|
| (২) উপ-মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিচালক-সদস্য | (২) সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরের একজন (কর্নেল/লে. কর্নেল) প্রতিনিধি-সদস্য |

ঝ। **কমিশন মঞ্জুরি :**

| বিদ্যমান নির্দেশাবলী | প্রস্তাবিত নির্দেশাবলী |
|---|---|
| সাফল্যের সহিত প্রশিক্ষণ মেয়াদ সমাপনান্তে ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং) সম্পন্নকারী নার্সদের উপযুক্ত বিবেচিত হইলে ও প্রয়োজনে শূন্য পদ সৃষ্টি সাপেক্ষে প্রতিরক্ষা মন্ত্রণালয় ও সেনাসদরের নির্দেশানুযায়ী লেফটেন্যান্ট পদে নিয়মিত (শর্ট সার্ভিস কমিশন) এ এফ এন এস কমিশন প্রদান করা হইবে। | সাফল্যের সহিত প্রশিক্ষণ মেয়াদ সমাপনান্তে ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং) সম্পন্নকারী নার্সদের উপযুক্ত বিবেচিত হইলে ও প্রয়োজনে শূন্য পদ সৃষ্টি সাপেক্ষে প্রতিরক্ষা মন্ত্রণালয় ও সেনাসদরের নির্দেশানুযায়ী লেফটেন্যান্ট পদে নিয়মিত (শর্ট সার্ভিস কমিশন) এ এফ এন এস কমিশন প্রদান করা হইবে। তবে তাহাদেরকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে না। নির্বাচিত হইবার লক্ষ্যে বাধ্যতামূলকভাবে কমপক্ষে দুইবার মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষার সম্মুখীন হইতে হইবে। |



মূল্য ঃ টাকা ৮.০০

**অংশ-৩**

**প্রশিক্ষণ**

৭। **শর্তাবলী:**

ঘ। **ক্ষতিপূরণ/জরিমানা:**

| বিদ্যমান নির্দেশাবলী | প্রস্তাবিত নির্দেশাবলী |
|---|---|
| ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বি এস সি ইন নার্সিং) এর কোন ছাত্রী স্বেচ্ছায়/ শৃংখলা/ অসদাচরণ ইত্যাদি কারণে কোর্স হইতে প্রত্যাহার হইলে তাহাকে নিম্নবর্ণিত হারে ক্ষতিপূরণ/জরিমানা প্রদান করিতে হইবে:<br>(১) ১ম বর্ষে প্রত্যাহার হইলে-টাকা:৩০,০০০.০০<br>(২) ২য় বর্ষে প্রত্যাহার হইলে-টাকা:৪০,০০০.০০<br>(৩) ৩য় বর্ষে প্রত্যাহার হইলে-টাকা:৫০,০০০.০০<br>(৪) ৪র্থ বর্ষে প্রত্যাহার হইলে-টাকা:৬০,০০০.০০ | ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বি এস সি ইন নার্সিং) এর কোন ছাত্রী স্বেচ্ছায়/ শৃংখলা/অসদাচরণ ইত্যাদি কারণে কোর্স হইতে প্রত্যাহার হইলে এবং উত্তীর্ণ হওয়ার পর আর্মড ফোর্সেস নার্সিং সার্ভিসে যোগদান/ যোগদানের প্রক্রিয়ায় অংশগ্রহণ না করিলে তাহাকে নিম্নবর্ণিত হারে ক্ষতিপূরণ/ জরিমানা প্রদান করিতে হইবে:<br>(১) ১ম বর্ষে প্রত্যাহার হইলে-টাকা: ৩০,০০০.০০<br>(২) ২য় বর্ষে প্রত্যাহার হইলে-টাকা: ৪০,০০০.০০<br>(৩) ৩য় বর্ষে প্রত্যাহার হইলে-টাকা: ৫০,০০০.০০<br>(৪) ৪র্থ বর্ষে প্রত্যাহার হইলে-টাকা: ৬০,০০০.০০<br>(৫) কোর্স সম্পন্ন করিবার পর আর্মড ফোর্সেস নার্সিং সার্ভিসে যোগদানে অসম্মত হইলে অথবা বিবাহ বন্ধনে আবদ্ধ হইয়া সেনাবাহিনীতে যোগদানের শর্ত ভঙ্গ করিলে — টা: ২,০০,০০০.০০ |

ঙ। **চাকুরির দায়-দায়িত্ব ও মুচলেকা:**

| বিদ্যমান নির্দেশাবলী | প্রস্তাবিত নির্দেশাবলী |
|---|---|
| ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বি এস সি ইন নার্সিং) ডিগ্রী অর্জনের পর সশস্ত্র বাহিনীর প্রয়োজনে ও উপযুক্ত বিবেচিত হইলে তিনি আর্মড ফোর্সেস নার্সিং সার্ভিসে যোগদান করিবে এই মর্মে সনদপত্র প্রদান করিবে। | ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বি এস সি ইন নার্সিং) ডিগ্রী অর্জনের পর সশস্ত্র বাহিনীর প্রয়োজনে ও উপযুক্ত বিবেচিত হইলে আর্মড ফোর্সেস নার্সিং সার্ভিসে যোগদান করিবে এবং কোর্স চলাকালীন স্বেচ্ছায়/ শৃংখলা/অসদাচরণজনিত কারণে প্রত্যাহার হইলে বা ডিগ্রী অর্জনের পর চাকুরীতে যোগদানে অসম্মত হইলে অথবা চাকুরীতে যোগদানের পূর্বে বিবাহবন্ধনে আবদ্ধ হইয়া চাকুরীতে যোগদানের অযোগ্য হইলে আর্থিক ক্ষতিপূরণ/জরিমানা প্রদানে বাধ্য থাকিবে বলিয়া বন্ড প্রদান করিবে **(ক্রোড়পত্র-খ)**। |

## অংশ-৪

## প্রাধিকার/বৃত্তি/পুস্তিকাদি/টিউশন ফি/আহার/পোশাক

**১১। বৃত্তিঃ**

| বিদ্যমান নির্দেশাবলী | প্রস্তাবিত নির্দেশাবলী |
|---|---|
| ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বি এস সি ইন নার্সিং) ছাত্রীগণকে ৪৮ মাসের জন্য (অথবা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত যে কোন সময়ের জন্য) মাসিক ভিত্তিতে বৃত্তি প্রদান করা হইবে। বৃত্তির হার যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় নির্ধারণ করা হইবে। বর্তমানে মাসিক বৃত্তির হার নিম্নতর:<br>১ম বর্ষ - টাকাঃ ৩,০০০.০০<br>২য় বর্ষ - টাকাঃ ৩,৩০০.০০<br>৩য় বর্ষ - টাকাঃ ৩,৬০০.০০<br>৪র্থ বর্ষ - টাকাঃ ৩,৯০০.০০ | ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বি এস সি ইন নার্সিং) ছাত্রীগণকে ৪৮ মাসের জন্য স্টাইপেন্ড এবং ইন্টার্নীশীপ শিক্ষার্থীদের ০৬ মাসের জন্য (অথবা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত যে কোন সময়ের জন্য) সম্মানী মাসিক ভিত্তিতে প্রদান করা হইবে। স্টাইপেন্ড হার যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় নির্ধারণ করা হইবে। বর্তমানে মাসিক স্টাইপেন্ড/সম্মানীর হার নিম্নতর:<br>১ম বর্ষ - টাকাঃ ৩,০০০.০০<br>২য় বর্ষ - টাকাঃ ৩,৩০০.০০ স্টাইপেন্ড<br>৩য় বর্ষ - টাকাঃ ৩,৬০০.০০<br>৪র্থ বর্ষ - টাকাঃ ৩,৯০০.০০<br>ইন্টার্নীশীপ - টাকাঃ ৬,০০০.০০-সম্মানী |

## ইন্টার্নীশীপ নার্সদের পোশাক

**১৩। ক। পোষাকাদিঃ**

| বিদ্যমান নির্দেশাবলী | প্রস্তাবিত নির্দেশাবলী |
|---|---|
| ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বি এস সি ইন নার্সিং) ছাত্রীগণকে ০৪ (চার) বৎসর মেয়াদী কোর্সের শুরুতে অত্র নির্দেশিকার ক্রোড়পত্র-ক তে বর্ণিত পোশাকাদি প্রথম বার বিনামূল্যে ইস্যু করা হইবে। পর্যায়ক্রমে আর্মড ফোর্সেস মেডিক্যাল ইনস্টিটিউটের ব্যবস্থাপনায় নির্দিষ্ট পোশাকাদি নগদ মূল্যে ক্রয় করিতে হইবে। পোশাকের মূল্য ছাত্রীগণ বহন করিবে। ছাত্রীদের প্রাধিকৃত পোশাকাদি হইল:- সেলোয়ার (সাদা), কামিজ দোপাট্টা (সাদা), ক্যাপ (সাদা), নেমপ্লেট এবং জুতা (সাদা)। বিভিন্ন বর্ষের জন্য কোমর বন্ধের রং নিম্নতর:<br>ক। ১ম বর্ষ - সবুজ<br>খ। ২য় বর্ষ - হলুদ<br>গ। ৩য় বর্ষ - নীল<br>ঘ। ৪র্থ বর্ষ - লাল | ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বি এস সি ইন নার্সিং) ছাত্রীগণকে ০৪ (চার) বৎসর মেয়াদী কোর্সের শুরুতে অত্র নির্দেশিকার ক্রোড়পত্র-ক তে বর্ণিত পোশাকাদি প্রথম বার বিনামূল্যে ইস্যু করা হইবে। পর্যায়ক্রমে আর্মড ফোর্সেস মেডিক্যাল ইনস্টিটিউটের ব্যবস্থাপনায় নির্দিষ্ট পোশাকাদি নগদ মূল্যে ক্রয় করিতে হইবে। পোশাকের মূল্য ছাত্রীগণ বহন করিবে। ছাত্রীদের প্রাধিকৃত পোশাকাদি হইল:- সেলোয়ার (সাদা), কামিজ দোপাট্টা (সাদা), ক্যাপ (সাদা), নেমপ্লেট এবং জুতা (সাদা)। বিভিন্ন বর্ষের জন্য কোমর বন্ধের রং নিম্নতর:<br>ক। ১ম বর্ষ - সবুজ<br>খ। ২য় বর্ষ - হলুদ<br>গ। ৩য় বর্ষ - লাল<br>ঘ। ৪র্থ বর্ষ - নীল<br>ইন্টার্নীশীপ কালীন শিক্ষার্থীগণ সাদা সেলোয়ার কামিজ, সাদা বেল্ট, শোল্ডার এর বাহিরের প্রান্তে বোটলগ্রীণ কাপড়ের সোনালী এমব্রয়ডারী করা NURSE INTERNEE লেখা পোশাক পরিধান করিবে। |

১৭। **বৈবাহিক অবস্থা :**

| বিদ্যমান নির্দেশাবলী | প্রস্তাবিত নির্দেশাবলী |
|---|---|
| ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বি এস সি ইন নার্সিং) কোর্সে চূড়ান্তভাবে উত্তীর্ণ না হওয়া পর্যন্ত ছাত্রীগণকে অবিবাহিত থাকিতে হইবে। কোন অবস্থাতে ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বি এস সি ইন নার্সিং) কোর্স চলাকালীন সময়ে এ সংক্রান্ত কোন আপত্তি উত্থাপিত হইলে শৃংখলাজনিত কারণে কোর্স হইতে প্রত্যাহার করা হইবে। | আর্মড ফোর্সেস নার্সিং সার্ভিসে যোগদানের নিমিত্তে দুইবার নির্বাচনী পরীক্ষায় অবতীর্ণ হওয়ার পূর্ব পর্যন্ত ছাত্রীগণকে অবিবাহিত থাকিতে হইবে। কোন অবস্থায় ইহার পূর্বে বিবাহ বন্ধনে আবদ্ধ হইলে কোর্স হইতে প্রত্যাহার করা হইবে এবং নির্ধারিত ক্ষতিপূরণ জরিমানা প্রদানে বাধ্য থাকিবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী হাবিবুল আউয়াল**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd